

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার পীরগাছা, রংপুর
ও
সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়।
www.pirgacha.rangpur.gov.bd


জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

স্মারক নং-১৭.০৮.৮৫৭৩.০০০.৩৬.০০২.২৩- ২৪

তারিখঃ ০৩ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল অনুসারে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকার ২৪ ডিসেম্বর ২০২৩ তারিখের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩-৮৩০, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১-৮৭৪, তারিখ ৩১-১২-২০২৩খ্রি: অনুযায়ী ভোটগ্রহণের দিন ও তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত (১) ট্যাক্সি ক্যাব, (২) পিক আপ (৩) মাইক্রোবাস (৪) ট্রাক চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। সেই সাথে ০৫ জানুয়ারি ২০২৪ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ৮ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে। উল্লেখ্য, নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচন কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটর সাইকেল চলাচলের অনুমতি প্রদান, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, স্বশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতি প্রাপ্ত পর্যবেক্ষক, জরুরি সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদ পত্র বহনকারী সকল ধরনের যানবাহন, প্রতিদ্বন্দ্বী প্রার্থী/নির্বাচনি এজেন্ট (রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীর স্টীকার প্রদর্শন সাপেক্ষে) সাংবাদিক পর্যবেক্ষক অথবা জরুরি কোন কাজে ব্যবহৃত মোটরসাইকেল রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে চলাচল করবে।



মোঃ নাজমুল হক সুমন
উপজেলা নির্বাহী অফিসার
পীরগাছা, রংপুর

ও
সহকারী রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
২২ রংপুর-৪

ফোন: ০২৫৮৮৯৯-৭৬৯০১
unopirgacha@mopa.gov.bd

স্মারক নং-১৭.০৮.৮৫৭৩.০০০.৩৬.০০২.২৩-

তারিখঃ ০৩ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ।
- ৩। জেলা প্রশাসক, রংপুর ও রিটার্নিং অফিসার, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন।
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর।
- ৫। পুলিশ সুপার, রংপুর।
- ৬। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, রংপুর।
- ৭। উপজেলা নির্বাচন অফিসার, পীরগাছা, রংপুর।
- ৮। অফিসার ইন-চার্জ, পীরগাছা থানা, রংপুর।
- ৯। অফিসার ইন-চার্জ, মাহিগঞ্জ মেট্রোপলিট থানা, রংপুর।



উপজেলা নির্বাহী অফিসার
পীরগাছা, রংপুর